মেহেরপুরে প্রফেসর আবদুল মান্নান গণসংযোগ অব্যহত

বীর মুক্তিযোদ্ধা সাবেক সাংসদ প্রফেসর আবদুল মান্নান বিভিন্ন গ্রামে গনোসংযোগ অব্যহত রেখেছেন।

গতকাল বুধবার মেহেরপুর সদর উপজেলার আমদহ, সিংগাড়া মোর,আশরাফপুর, ভবানন্দপুর, সাহেবপুর, ইসলামপুর, ব্রীজমোড়, কমরপুর, রায়পুর গণসংযোগ করেন বিভিন্ন স্থানে গনোসংযোগ করেন।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগ সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খালেদুজ্জামান খান ডালিম মির্জা গালিব উজ্জ্বল, রাশেদুজ্জামান সুজন, আবু তালহা বিন হাবিব জুয়েল, মোঃ ইয়ারুল ইসলাম-, সাজেদুর রহমান সাজু, নয়ন আহামেদ, মিরাজুল ইসলাম, শেরেফুল ইসলাম, শেখ কায়সার হামিদ বুলবুল, রবিউল ইসলাম, মতিয়ার, বাবু, আসাব, রাজু আহমেদ, মঈন, বকুল প্রমুখ ।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পক্ষ থেকে মেহেরপুর জেলার সর্বস্তরের মানুষের মাঝে মেহেরপুর জেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বাসভবন থেকে লিফলেট বিতরণ শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কাথুলি রোড তেল পাম্পের সামনে গিয়ে শেষ হয়।

লিফলেট বিতরণে ছাত্রলীগ, যুব মহিলা লীগ, ইয়াং বাংলা ফিউচার লিডারস এর সদস্যরা সহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা সক্রিয় ভাবে অংশ গ্রহণ করে।

জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হলেন মিঠুন

জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মনোনীত হলেন মেহেরপুরের সন্তান মিঠুন ডিআইসিকে। তিনি মেহেরপুর সদরের রাজনগর বেলে পাড়ার মনিরুল ইসলামের ছেলে।

বাংলাদেশ আওয়ামীলীগ এর বিস্বস্ত আস্থাভাজন অঙ্গ সংগঠন জয় বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হওয়াই, মিঠুন ডিআইসিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন দলের নেতৃবৃন্দ।

সংগঠনটির সভাপতি আকরাম হোসেন বাদল এবং উপদেষ্টা মন্ডলীর সদস্যদের মতামতের ভিত্তিতে তাকে এই পদে আসীন করা হয়। ৭১’র চেতনায় মুক্তিযোদ্ধাদের স্মৃতিচারণে উদ্ভাসিত হয়ে কাজ করে যাচ্ছে সংগঠনটি।

আগামী জাতীয় সংসদ নির্বাচনে পূর্বের ন্যায় আওয়ামীলীগ এর হাতকে শক্তিশালী করার লক্ষ্যেই এগিয়ে যাবে বলে সংগঠনের সভাপতি আকরাম হোসেন বাদল এই উদ্যোগ নিয়েছেন। মিঠুন ডিআইসিকে ২০০৮ সালে ছাত্রলীগের রাজনীতিতে যুক্ত হয়ে রাজনৈতিক যাত্রা শুরু করেন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট থেকে। ২০১২ সালে আওয়ামীলীগ সদস্য স্বীকৃতি পায়।

তারপর অঙ্গ সংগঠন হিসাবে ২০১৭ সালে জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর সহ-আন্তর্জাতিক সম্পাদক হিসাবে দায়িত্ব পায়।

২০১৯ সালে যুগ্ন সাধারণ সম্পাদক দায়িত্ব পায় একই সংগঠনে।

তারপর ২০২০ সালে “কোটি হ্নদয়ে জয় বাংলা” বাস্তবায়ন ৪১ সদস্য বিশিষ্ট কমিটির নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পায় যা চলমান।

সে জয় বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ মেহেরপুর জেলা শাখা কমিটির প্রতিষ্ঠাতা।

মুজিবনগরে ছয়টি ট্রান্সফরমারের তামার তার চুরি

মেহেরপুরের মুজিবনগর কমপ্লেক্সের পাশে বেগুন মাঠ থেকে ৬টি বৈদ্যুতিক ট্রান্সফরমারের তামার তার চুরি হয়েছে। এতে বন্ধ হয়ে পড়েছে দুটি ডিপ টিউবওয়েল। ফলে তীব্র খরার মধ্যে ৫০০ বিঘা জমির ফসল আবাদ ঝুঁকির মধ্যে পড়েছে। গেল রাতের কোন এক সময় চোরেরা বৈদ্যুতিক খুঁটি থেকে ট্রান্সফরমার নামিয়ে ভেতরের তামার তার চুরি করে পালিয়ে যায়।

গেল ৪/৫ দিন আগে একই উপজেলার নাজিরাকোনা গ্রামের মাঠ থেকে আরও ছয়টি ট্রান্সফরমার একইভাবে তামার তার চুরি হয়েছিল।

আমন ধান রোপণ ও সবজি চারা রোপণের ভরা মৌসূমের ট্রান্সফরমারের তার চুরি হওয়ায় চরম বিপাকে পড়েছেন চাষীরা।
ক্ষতিগ্রস্থ ডিপটিউবওয়েল মালিক শরিফুল ইসলাম জানান, ছয়টি ট্রান্সফরমার কিনতে চার লাখ টাকার উপরে খরচ হবে। পল্লী বিদ্যুত থেকে বিনামূল্যে পাওয়ার সুযোগ না থাকায় তাকেই কিনতে হবে। তার পক্ষে ট্রান্সফরমার কেনার সাধ্য না থাকায় চাষাবাদ নিয়ে দুশ্চিন্তার অন্ত নেই।

ইতিমধ্যে পল্লী বিদ্যুৎ সমিতির মুজিবনগর অফিসে ৯টি ট্রান্সফরমার এর তার চুরির অভিযোগ করেছে কৃষকরা। অভিযোগগুলোর প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য থানায় অভিযোগ পত্র দাখিল করা হবে বলে জানান মুজিবনগর সাব জেনাল অফিসের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক

মোহাইমিনুল ইসলাম।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদীর রাসেল জানান, পূর্বে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ট্রান্সফর্মার মালিকদের সতর্ক করা হয়েছিল। বিষয়টি নিয়ে কাজ করছে পুলিশ।

মেহেরপুরে র্যাবের অভিযানে ৭ গ্রাম হেরোইনসহ আটক ১

মেহেরপুরে ৭ গ্রাম হেরোইনসহ মো: হাবিল ফরাজী (৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-
১২) সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল।

আটক হাবিল ফরাজী কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার কোলদিয়ার গ্রামের মৃত ছলিম ফরাজীর ছেলে।

বুধবার (২৬ জুলাই) বিকালে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের চারা পাকুড়তলা চৌরাস্তা মোড় এলাকায় আজিম উদ্দিনের ইটভাটার সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছ থেকে একটি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।

সিপিসি-মেহেরপুর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান সন্ধ্যায় প্রেস বিজ্ঞপ্তি দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

এঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে মুজিবনগর উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদ মাঠে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ের টুর্নামেন্টের উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে গোল্ডকাপ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাকিব, বাগোওয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খানসহ উপজেলার প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকবৃন্দ।

মুজিবনগর উপজেলার ৪টি ইউনিয়নের চ্যাম্পিয়ন দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।

মেহেরপুরে মায়ের হাসি ক্লিনিকের ছবি তুলতে গিয়ে মতুর হাতে দুই সাংবাদিক লাঞ্ছিত

ক্লিনিকের ছবি তোলাকে কেন্দ্র করে ক্লিনিক মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার ছেলে মোত্তাকিম বিল্লাহ সাফিনের হামলার শিকার হলেন মেহেরপুরের দুই সাংবাদিক।



এই বিষয় নিয়ে মেহেরপুর
জেলা প্রেসক্লাবে
সাংবাদিকরা আজ বুধবার
(২৬ জুলাই) বেলা ১১ টার সময় এক জরুরী বৈঠকে
মিলিত হন। আলোচনা হয়
উদ্ভূত পরিস্থিতি নিয়ে।
সর্ব সম্মতিক্রমে
সিদ্ধান্ত গৃহীত হয় যে,
পেশাদারি দায়িত্ব
পালনের ক্ষেত্রে যে কোনো ধরণের অশুভ, অপশক্তির বিরুদ্ধে সকল সাংবাদিক ঐক্যবদ্ধভাবে তাদের লেখনির মাধ্যমে মোকাবেলা করতে বদ্ধপরিকর।

এব্যাপারে দৈনিক জবাবদিহির সাংবাদিক ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহিন বলেন, আমি রাস্তায় দাঁড়িয়ে মোবাইল দিয়ে দু/একটা ছবি তোলার পরেই মোতাচ্ছিম বিল্লাহ মতু এসে আমার হাত থেকে মোবাইল ফোনটি ছিনিয়ে নেন। শুধু মোবাইল ফোনটি ছিনিয়ে নেননি। সে আমার কলার ধরে রাস্তা থেকে তার ক্লিনিকের ভেতরে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। পরে আমার সহকর্মিরা এসে তার কাছ থেকে আমাকে মুক্ত করেন।

আক্রান্ত অপর সাংবাদিক দৈনিক আমাদের অর্থনীতির পত্রিকার জেলা প্রতিনিধি মাসুদ রানা বলেন, সাংবাদিকরা যেকোনো স্থানের ছবি তুলতে পারে। কিন্তু মোতাচ্ছিম বিল্লাহ মতু আমাদের সাথে যে আচরণ করেছেন সেটা কোনো সভ্য মানুষ করতে পারেনা। তার গণমাধ্যম সম্পর্কে কোনো ধারনায় নেই

এ্যবাপারে মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আমি খবর পেয়ে সেখানে উপস্থিত হলে ক্লিনিক মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু তার পূর্ব অভ্যাসমত আমাকেও গালাগালি শুরু করেন। আমি তাকে গালাগালি থেকে নিবৃত করার চেষ্টা করলে আমার উপরেও মারমুখি হন তিনি। মোতাচ্ছিম বিল্লাহ মতু কথায় কথায় সাংবাদিকদের চাঁদাবাজ বলতে স্বাচ্ছন্দবোধ করেন। সাংবাদিকদের পেশাদারিত্বের উপর এই ন্যাক্কার জনক আচরনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। এবং অভিযুক্ত ক্লিনিক মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার ছেলেসহ ভাড়াটিয়াদের তদন্ত ও বিচার দাবি করছি। ক্লাবের সকল সদস্যদের উদ্দ্যেশ্যে তিনি বলেন শান্ত থেকে আইনি লড়াই করার প্রস্তুতি নিতে

হবে।



মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক, কালের কন্ঠের জেলা প্রতিনিধি ও
মেহেরপুর প্রতিদিনের
সম্পাদক ইয়াদুল মোমিন
বলেন, সাংবাদিকদের
বিরুদ্ধে মেয়র মতু’র যে
আস্ফালন, স্বাধীন
সাংবাদিকতাকে হুমকীর মুখে ফেলবে। কোনো সাংবাদিক তার সাথে কথা বলতে গেলে তিনি চড়াও হন এবং সাংবাদিককে চাঁদাবাজ অখ্যায়িত করে হুমকি দিয়ে থাকেন। তার সাখে আমার মোবাইলে কথোপকথোনের একটি অডিও রেকর্ডও আছে। যেখানে সে দাঁত ভেঙ্গে দেওয়ার কথা বলেন এবং ৫০ টি চাঁদাবাজির মিথ্যা মামলা দেওয়ার হুমকি দেন। এই অডিও রেকর্ডটি ইতোমধ্যে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। সাংবাদিকদের সাথে এই ধরনের আচরণ অনভিপ্রেত।

দৈনিক যুগান্তরের জেলা প্রতিনিধি ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম বলেন, ক্লিনিকের বাইরের দৃশ্য ধারণের কারনে সাংবাদিক এ সিদ্দিকী শাহীনের মোবাইল কেড়ে নেয়া ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর ওপর হামলা ও নির্যাতনের প্রতিবাদ জানিয়েছেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম। তিনি প্রকৃত হামলাকারীদের আইনের মাধ্যমে স্ষ্ঠুু বিচারে প্রকৃত অপরাধীর শাস্তি দাবি করেন। না হলে কলম সৈনিকেরা হারাবে সত্য প্রকাশের স্বাধীনতা। পেশাজীবি হিসেবে একজন সাংবাদিকের কাজই হচ্ছে সাংবাদিকতায় সহায়তা করা। মাহবুব চান্দু ও শাহীন পেশাগত সেই দায়ীত্বই পালন করছিলেন। হামলাকারীদের আটক করে আইনের আওতায় না আনা হলে আমরা মেহেরপুরের সাংবাদকরা কর্মসূচি দিতে বাধ্য হবো।

মেহেরপুর সদর থানার এস আই সঞ্জিব ঘোষ বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে ক্লিনিক মালিক পক্ষকে নিবৃত করা হয়েছে। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে ছাত্র ছাত্রীদের মাঝে ফরম ফিলাপের টাকা বিতরণ

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, পন্সর ছাত্র ছাত্রীদের মাঝে এসএসসি পরিক্ষার ফরম ফিলাপের টাকা বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে এই ফরম ফিলাপের টাকা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম)রিফাত আল মাহমুদের সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভোব দেওয়ান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা একাডেমিক সুপার ভাইজার হাসনাইন করিম,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বাবুল মল্লিক।

এ সময় গুডনেইবারর্স এর পন্সর ১৭জন ছাত্র ছাত্রীদের মাঝে এসএসসি পরিক্ষার ফরম ফিলাপের টাকা বিতরণ করা।

মেহেরপুরে বাঁশ কাটতে বাধা দেওয়ায় একই পরিবারের তিন নারীকে জখম

বিবাদমান জমির বাঁশ কাটতে বাধা দেওয়ায় একই পরিবারের তিন নারীকে ধারালো দা ও বাঁশ দিয়ে পিটিয়ে জখম করেছে আপন চাচা ও চাচাত ভাই।

আহতরা হলেন, মৃত গোলাম হোসেনের স্ত্রী আন্নাতুন্নেছা, মাসুদ রানার সাবিনা ইয়াসমীন ও আব্দুল জাব্বাারের স্ত্রী গুলশানারা খাতুন।

আজ বুধবার (২৬ জুলাই) সন্ধ্যা বেলায় মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামে এই মারধরের ঘটনা ঘটে।

আহতদের উদ্ধার করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক শরিফুল ইসলাম তাদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

জানা গেছে, কুলবাড়িয়া গ্রামের শফিকুল ইসলাম আন্নাতুন্নেছা দেবর ও ভাবি। আন্নাতুন্নেছার বাঁশবাগানের বাঁশ জোর করে কেটে নিচ্ছিলেন দেবর শফিকুল ইসলাম। বাঁশ কাটতে বাঁধা দেওয়ায় শফিকুল ইসলাম ও তার ছেলে স্বপন বাঁশ ও দা দিয়ে আন্নাতুন্নেচ্ছা ও তার দুই মেয়ে সাবিনা ইয়াসমীন ও গুলশানারাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে মারাত্বক আহত করেন। সাথে সাথে তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসেন। এদের মধ্যে আন্নাতুন্নেছার অবস্থা আশংকাজনক বলে জানান চিকিৎসক শরিফুল ইসলাম।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মারামারির ঘটনা শুনেছি। এখনো কেউ থানায় আসেনি। লিখিত অভিযোগ দিলে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আসামিরা হলেন, মেহেরপুর শহরের ফৌজদারিপাড়ার মৃত মহিরুদ্দীনের ছেলে নবাব শেখ (৩৫), স্টেডিয়ামপাড়ার সমসের আলীর ছেলে জিয়াউদ্দিন (৪২) ও নতুন পাড়ার আলমগীর হোসেনের ছেলে নয়ন

(২৭)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একাধিক টিম মেহেরপুর শহরে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

থানা সূত্র বলেছেন, নবাব শেখের বিরুদ্ধে মামলা নং সিআর ২৪/২১, জিয়া উদ্দিনের বিরুদ্ধে মামলা নং পারিজায় ১৫/১০ এবং নয়নের বিরুদ্ধে মামলা নং ৩৮(৭)২৩ রয়েছে। তারা তিন আসামি দীর্ঘদিন যাবৎ পলাতক জীবন যাপন করছিলেন।

গ্রেফতারকৃতদের বুধবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।